বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৪৭ তারিখঃ ০৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২০ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: 'পুঁজিবাজারের বর্তমান অবস্থা ও উত্তরণের উপায়' শীর্ষক আলোচনা সভা।**

অদ্য ২০ জানুয়ারি ২০২৩ শুক্রবার দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির আয়োজনে সিলেট নগরীর চেম্বার ভবনের চেম্বার কনফারেন্স হলে অনুষ্ঠিত হয় 'পুঁজিবাজারের বর্তমান অবস্থা ও উত্তরণের উপায়' শীর্ষক আলোচনা সভা'। সভাটিতে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রিত ছিলেন 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)' এর চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। এছাড়াও উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রিত ছিলেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ এবং বিএসইসি'র কমিশনার ড. রুমানা ইসলাম। আলোচনা সভাটির সভাপতিত্ব করেন 'দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি(এসসিসিআই)'র সভাপতি এবং এফবিসিসিআই এর পরিচালক জনাব তাহমিন আহমেদ। আলোচনা সভাটিতে বিএসইসি'র নির্বাহী পরিচালকবৃন্দ ও পরিচালকবৃন্দ এবং 'দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র পরিচালনা পরিষদের সদস্যবৃন্দসহ সিলেট এর গণমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

আলোচনা সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন 'দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি এবং এফবিসিসিআই এর পরিচালক জনাব তাহমিন আহমেদ। তিনি বাংলাদেশে পুঁজিবাজার সম্ভাবনার একটি খাত উল্লেখ করে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী এই খাতের সমস্যা চিহ্নিতকরণ ও নিরসনে পদক্ষেপ নিয়েছেন। তিনি পুঁজিবাজার জন্য বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর উদ্যোগের প্রশংসা করেন এবং পুঁজিবাজারের উপর সাধারণ বিনিয়োগকারীদের আস্থা বাড়বে বলে আশাবাদ ব্যক্ত করেন।

আলোচনা সভায় এসসিসিআই'র সিনিয়র সহ সভাপতি ও পরিচালক জনাব জিয়াউল হক, এসসিসিআই'র সহ সভাপতি ও পরিচালক জনাব ফাহিম আহমেদ চৌধুরী, এসসিসিআই'র সাবেক সভাপতি ও সিএসই'র সাবেক চেয়ারম্যান জনাব ফখর উদ্দিন আলী আহমদ বক্তব্য রাখেন। তারা আলোচনা সভায় পুজিবাজারের উন্নয়নের জন্য নানা প্রস্তাবনা তুলে ধরেন। অনুষ্ঠানের শেষাংশে ধন্যবাদ বক্তব্য রাখেন এসসিসিআই'র সিনিয়র সহ সভাপতি জনাব ফারাহ উদ্দিন আলী আহমদ। এছাড়াও আলোচনা সভার একটি অংশে উন্মুক্ত আলোচনা পর্ব হয় যেখানে উপস্থিত বিনিয়োগকারীরা তাদের অভিযোগ ও সমস্যার কথা তুলে ধরেন এবং তাদের মতামত ব্যক্ত করেন। সর্বোপরি উক্ত আলোচনা সভায় পুঁজিবাজার সংশ্লিষ্টজনরা পুঁজিবাজারের সমস্যা এবং সমস্যা উত্তরণের নানা উপায়সহ বাজারের উন্নয়নের বিষয়ে ফলপ্রসু বক্তব্য উপস্থাপন করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম আলোচনা সভায় পুঁজিবাজার সম্পর্কে উপস্থাপিত নানা প্রশ্নের উত্তর দেন এবং পুঁজিবাজার উন্নয়নের জন্য দেয়া প্রস্তাবনার বিষয়ে মতামত দেন। তিনি বলেন, দেশের উন্নতি যে হচ্ছে তা পরিস্কার। বাংলাদেশ ভাল সময় পার করছে। বিশ্বজুড়ে

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

বাংলাদেশ সম্পর্কে ইতিবাচক ধারণা বৃদ্ধি পাচ্ছে। তিনি ফিনানশিয়াল লিটারেসির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে বলেন, সবাই যখন জেনে বুঝে পুঁজিবাজারে কার্যক্রম চালাবে তখন আর পুঁজিবাজারে সমস্যা থাকবেনা। তিনি আরো বলেন, পুঁজিবাজার দীর্ঘমেয়াদী অর্থায়নের জায়গা। তিনি বিনিয়োগকারীদের জেনে বুঝে ধৈর্যশীল হয়ে পুঁজিবাজারে বিনিয়োগের পরামর্শ দেন।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ সভায় আগত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, যেসব প্রতিষ্ঠানের পুঁজিবাজারে আসার এবং পুঁজিবাজার থেকে অর্থ সংগ্রহের সুযোগ রয়েছে তাদের পুঁজিবাজারে আসার আহ্বান জানাই। সেক্ষেত্রে যেকোন ধরনের সাহায্য দরকার হলে তাদের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর দুয়ার খোলো রয়েছে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


"পুঁজিবাজারের বর্তমান অবস্থা ও উত্তরণের উপায়" শীর্ষক
আলোচনা সভা
অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
ড. শেখ শামসুদ্দিন আহমেদ
ড. রুমানা ইসলাম
আয়োজনে : দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি